

# প্রথম প্রান্ত

বুধবার

১১ মার্চ ২০২০

২৭ ফাল্গুন ১৪২৬, ১৫ রজব ১৪৪১

৮ পৃষ্ঠার প্র অধুনামুদ্রিত মোট ২৪ পৃষ্ঠা, ৮১০

## ‘ভবিষ্যতে ভুট্টা থেকে তেল উৎপাদিত হবে’

দিনাজপুরে কর্মশালা

প্রতিনিধি, দিনাজপুর

ভবিষ্যতে ভুট্টা থেকে ভোজ্যতেল তৈরি করা হবে। গবেষণা করে সেই প্রযুক্তিও দেশেই উদ্ভাবন করা হবে। ফলে সয়াবিন আমদানি বন্ধ হবে; ভোজ্যতেলে স্বয়ংসম্পূর্ণ হবে বাংলাদেশ। এমনটিই জানিয়েছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কৃষিবিজ্ঞানী বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সাবেক চেয়ারম্যান কাজী এম বদরুদ্দোজা।

গতকাল মঙ্গলবার দিনাজপুর শহরের নশিপুর এলাকায় বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটে এক কর্মশালায় এসব কথা বলেন তিনি। বেলা ১১টার সময় ইনস্টিটিউটের মিলনায়তনে শুরু হওয়া এ কর্মশালার শিরোনাম ছিল ‘গম ও ভুট্টার উন্নয়নে ভবিষ্যৎ পরিকল্পনা কর্মশালা’।

কর্মশালায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের সভাপতি মো. এছরাইল হোসেন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. আবদুল আউয়াল, দিনাজপুরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. তোহিদ ইকবাল এবং ইনস্টিটিউটের কৃষিবিজ্ঞানী ও স্থানীয় কৃষকেরা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিবিজ্ঞানী এম বদরুদ্দোজা বলেন, ‘১৯৫১ সালে দিনাজপুরের ঘোড়াঘাট এলাকায় আমি প্রথম সাঁওতালদের ভুট্টা চাষে উদ্বুদ্ধ করেছিলাম। পরে তাদের কাছ থেকে ভুট্টার বীজ সংগ্রহ করে দেশের বিভিন্ন এলাকায় ছড়িয়ে দিই। বর্তমানে দেশে প্রায় সাড়ে পাঁচ লাখ হেক্টর জমিতে ভুট্টার চাষ হচ্ছে।’

সেমিনারে জানানো হয়, বর্তমান সময়ে ভুট্টার শতকরা ৯৫ শতাংশ ব্যবহার হচ্ছে শুধু হাঁস-মুরগি ও মাছের খাবার উৎপাদনে। দ্রুততার সঙ্গে ভুট্টা থেকে তেল তৈরিসহ অন্যান্য ক্ষেত্রে ব্যবহার বাড়তে পারলে দেশের অর্থনীতি আরও গতিশীল হবে। বর্তমান সময়ে দেশে যে পরিমাণ ভুট্টা উৎপাদিত হচ্ছে, তাতে ভুট্টা থেকে প্রচুর পরিমাণে তেল তৈরি সম্ভব। এই প্রযুক্তি আবিষ্কার করা গেলে ভোজ্যতেল আমদানি কমে যাবে। এমনকি দেশীয় চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানির সম্ভাবনা তৈরি হবে।

অনুষ্ঠানের সভাপতি ইনস্টিটিউটের মহাপরিচালক এছরাইল হোসেন বলেন, কৃষিবিজ্ঞানী কাজী এম বদরুদ্দোজা ভুট্টা থেকে তেল তৈরি করার যন্ত্র আবিষ্কারের জন্য বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানীদের সঙ্গে গবেষণা চালাচ্ছেন। এ গবেষণা সফল হলে বাংলাদেশ আরও এক ধাপ এগিয়ে যাবে বলে মনে করেন তিনি।